F:\2015\Circular.doc51

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১

তারিখঃ ১৪-১০-২০১৫ খ্রিস্টাব্দ
২৯ -৬-১৪২২ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

সরকারি কর্মচারীগণের অবসরকালীন সুবিধাদি/প্রাপ্যতা নিম্নরুপভাবে পুন:নির্ধারণ করা হয়েছে ঃ

(ক) **পেনশনযোগ্য চাকরিকাল এবং পেনশনের পরিমাণ ঃ**
পেনশনযোগ্য চাকরিকাল বর্তমানে প্রচলিত ১০-২৫ বছর-এর স্থলে ৫-২৫ বছর এবং পেনশনের হার সর্বশেষ আহরিত বেতনের ৮০%-এর স্থলে ৯০% -এ উন্নীত করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের ৪-১১-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(বিধি-১) ৩পি-২৮/৮৫/১০৬ সংখ্যক স্মারক পত্রের ক্রমধারায় পেনশনের হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো ঃ

### পেনশন টেবিল

| পেনশনযোগ্য চাকরিকাল | বিদ্যমান পেনশনের পরিমাণ | পুনঃনির্ধারিত পেনশনের পরিমাণ |
|---|---|---|
| ৫ বছর | - | ২১% |
| ৬ বছর | - | ২৪% |
| ৭ বছর | - | ২৭% |
| ৮ বছর | - | ৩০% |
| ৯ বছর | - | ৩৩% |
| ১০ বছর | ৩২% | ৩৬% |
| ১১ বছর | ৩৫% | ৩৯% |
| ১২ বছর | ৩৮% | ৪৩% |
| ১৩ বছর | ৪২% | ৪৭% |
| ১৪ বছর | ৪৫% | ৫১% |
| ১৫ বছর | ৪৮% | ৫৪% |
| ১৬ বছর | ৫১% | ৫৭% |
| ১৭ বছর | ৫৪% | ৬৩% |
| ১৮ বছর | ৫৮% | ৬৫ % |
| ১৯ বছর | ৬১% | ৬৯ % |
| ২০ বৎসর | ৬৪ % | ৭২% |
| ২১ বছর | ৬৭ % | ৭৫% |
| ২২ বছর | ৭০ % | ৭৯% |
| ২৩ বছর | ৭৪% | ৮৩% |
| ২৪ বছর | ৭৭% | ৮৭% |
| ২৫ বছর এবং তদূর্ধ্ব | ৮০% | ৯০% |

ব্যাখ্যাঃ ৫-২৪ বছরের পেনশনযোগ্য চাকরিকালের পেনশন কেবল নিম্মোক্ত ক্ষেত্রে প্রাপ্য হবেন ঃ

(১) একজন সরকারি কর্মচারী মৃত্যুবরণ করলে কিংবা সরকার কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা (শারীরিক ও মানসিক বৈকল্যের কারণে) স্থায়ীভাবে অক্ষম (Invalid) ঘোষিত হলে ; এবং

(২) স্থায়ী পদ বিলুপ্তির কারণে চাকরি থেকে ছাঁটাইয়ের ক্ষেত্রে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(খ) **অবসর ভোগীদের পেনশন বৃদ্ধি ও সর্বনিম্ন পেনশন নির্ধারণ ঃ**

২০১৫-২০১৬ অর্থ বছরে হতে অবসর ভোগীদের পেনশন নিম্নোক্ত হারে বৃদ্ধি করা হলো ঃ

| অবসর ভোগীর বয়স | পেনশন বৃদ্ধির পরিমাণ | মন্তব্য/ব্যাখ্যা |
|---|---|---|
| (ক) ৬৫ বছরের কম | ৪০% | একজন পেনশনারের মাসিক পেনশনের পরিমাণ যাই হোক না কেন ০১-০৭-২০১৫ খ্রিঃ তারিখ হতে তিনি সর্বনিম্ন ৩,০০০/-(তিন হাজার)টাকা পেনশন প্রাপ্য হবেন। |
| (খ) ৬৫ বছর ও তদূর্ধ্ব | ৫০% | |
| (গ) সর্বনিম্ন পেনশন | মাসিক ৩,০০০/-টাকা | |

(গ) **আনুতোষিকের হার পুন:নির্ধারণ ঃ**

পেনশনযোগ্য চাকরিকাল সর্বনিম্ন ১০ বছর থেকে ০৫ বছরে কমিয়ে আনার পরিপ্রেক্ষিতে পূর্ণ পেনশনের ক্ষেত্রে আনুতোষিকের হার বাধ্যতামূলক সমর্পিত প্রতি ১(এক) টাকার বিপরীতে ২৩০/-টাকা অপরিবর্তিত রেখে অর্থ বিভাগের ২৩-১২-২০১৩ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০২৭.১৩.১৬০ সংখ্যক প্রজ্ঞাপনের ক্রমধারায় আনুতোষিকের হার নিম্নরুপ পুন:নির্ধারণ করা হলোঃ

**আনুতোষিক টেবিল**

| ক্রমিক নং | পেনশনযোগ্য চাকরিকাল | বিদ্যমান আনুতোষিকের হার (প্রতি টাকার বিপরীতে) | সংশোধিত আনুতোষিকের হার (প্রতি টাকার বিপরীতে) | মন্তব্য/ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ৫ বছর বা ততোধিক কিন্তু ১০ বছরের কম | --- | ২৬৫/- | ৫-৯ বছর চাকরিকাল পেনশনযোগ্য চাকরিকাল হিসেবে নতুন সংযোজন করা হয়েছে। |
| ২. | ১০ বছর বা ততোধিক কিন্তু ১৫ বছরের কম | ২৬০/- | অপরিবর্তিত | |
| ৩. | ১৫ বছর বা ততোধিক কিন্তু ২০ বছরের কম | ২৪৫/- | অপরিবর্তিত | |
| ৪. | ২০ বছর বা ততোধিক | ২৩০/- | অপরিবর্তিত | |

(ঘ) **চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়া অথবা চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে মৃত্যুবরণকারী কর্মচারীকে/পরিবারকে এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রদান ঃ**

একজন সরকারি কর্মচারীর চাকরির মেয়াদ ৫ বছর পূর্ণ হওয়ার পূর্বে যদি তিনি স্বাস্থ্যগত কারণে অক্ষম হয়ে পড়েন, অথবা তাঁর মৃত্যু হয়, সে ক্ষেত্রে বর্তমানে প্রচলিত ১৫,০০০/-টাকা এককালীন আর্থিক সুবিধা প্রদানের স্থলে অর্থ মন্ত্রণালয়ের ২০ ডিসেম্বর ১৯৭৭ তারিখের এম.এফ.(আই.ডি)-১-২/৭৭/৮৫৬ সংখ্যক অফিস স্মারকের ক্রমধারায় চাকরির মেয়াদের প্রতি বছর কিংবা তার অংশ বিশেষের জন্য তাঁর শেষ আহরিত ৩(তিন)টি মূল বেতনের সমপরিমাণ হারে তিনি অথবা তাঁর পরিবার এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্য হবেন ;

(ঙ) **পেনশনারের বিধবা স্ত্রীর আজীবন পেনশন প্রাপ্যতার শর্ত শিথিলকরণ ঃ**

বর্তমানে প্রচলিত বিধান মতে মৃত কর্মচারীর বিধবা স্ত্রী আজীবন পারিবারিক পেনশন পেয়ে থাকেন। বিধবা স্ত্রীর পুনঃবিবাহ না করার অংগীকার-নামা বা প্রত্যয়ন পত্র দাখিলের শর্ত ৫০ বছরের ঊর্ধ্ব বয়সী বিধবার ক্ষেত্রে প্রযোজ্য হবে না ;

(চ) **মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্বামীর পারিবারিক পেনশন প্রাপ্যতা ঃ**

পারিবারিক পেনশনের ক্ষেত্রে একজন মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্বামী পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ না হলে, বিধবা স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্যতার অনুরূপ হারে ও পদ্ধতিতে মৃত মহিলা বেসামরিক সরকারি কর্মচারীর বিপত্নীক স্বামী পারিবারিক পেনশন প্রাপ্য হবেন। তবে প্রচলিত সকল বিধি বিধান অনুসরণপূর্বক বিপত্নীক স্বামী সর্বাধিক ১৫(পনের) বৎসর পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য হবেন ; এবং

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(ছ) **ছুটি নগদায়ন ঃ**

অবসরকালে অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে ১২(বার) মাসের ছুটি নগদায়নের বিধান পরিবর্তন করে ১৮(আঠারো) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮(আঠারো)মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। অবসর-উত্তর ছুটি (PRL)এবং ছুটি নগদায়নের ক্ষেত্রে ০২ (দুই) দিনের অর্ধগড় বেতনের ছুটিকে ০১ (এক) দিনের গড় বেতনে ছুটিতে রূপান্তর (Conversion) করা যাবে। অবসরকালীন মূলবেতনের ভিত্তিতে উক্ত নগদায়ন সুবিধা অবসর-উত্তর ছুটির শুরুতে প্রাপ্য। অবসর-উত্তর ছুটি ভোগ না করলেও এ আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

০৩। বর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিধান, আদেশ, স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি উপর্যুক্ত মর্মে পরিবর্তিত/ সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১-৭-২০১৫ খ্রি: তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে। উক্ত তারিখে পি.আর.এল ভোগরত কর্মচারীগণও উক্ত পুন:নির্ধারিত সুবিধাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
(ড. মোহাম্মদ আলী খান. এনডিসি)
অতিরিক্ত সচিব

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১/১(২০০)

তারিখঃ ১৪-১০-২০১৫ খ্রিস্টাব্দ / ২৯-৬-১৪২২ বঙ্গাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। -তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। সিনিয়র সচিব/ সচিব/ভারপ্রাপ্ত সচিব........................................মন্ত্রণালয়/বিভাগ(সকল)। - তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
৪। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা। - তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। বিভাগীয় কমিশনার,............................................................................ (সকল)।
৬। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। - তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা। -তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.............................................................................(সকল)। -তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,.........................................................................(সকল)।
১০। উপ-পরিচালক,বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।-পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ।
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
১৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৪। অতিরিক্ত সচিব -এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ..................................................(সকল)।
১৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইটি সেল, অর্থ বিভাগ ------ওয়েব সাইটে প্রকাশ করবেন।

১৪.১০.১৫
(মোঃ সিরাজুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১৮১